# বায়ার্নকে হারিয়ে গ্রুপ চ্যাম্পিয়ন বেনফিকা, শেষ ষোলোতে চেলসির মুখোমুখি




সংগৃহীত ছবি

চার্লটের ব্যাংক অব আমেরিকা স্টেডিয়ামে এক নাটকীয় ও ঐতিহাসিক ম্যাচে পর্তুগিজ ক্লাব বেনফিকা ইউরোপিয়ান জায়ান্ট বায়ার্ন মিউনিখকে ১-০ গোলে হারিয়ে ২০২৫ ফিফা ক্লাব বিশ্বকাপের 'সি' গ্রুপে শীর্ষে থেকে নকআউট পর্ব নিশ্চিত করেছে।

ম্যাচের শুরুতেই, ১৩তম মিনিটে অ্যান্ড্রিয়াস স্কেল্ডারুপের দারুণ এক গোল বেনফিকাকে এগিয়ে দেয়। পুরো ম্যাচজুড়ে বায়ার্নের আক্রমণভাগ বেশ সক্রিয় থাকলেও বেনফিকার শক্তিশালী রক্ষণভাগ এবং গোলরক্ষক আনাতোলি ট্রুবিনের দুর্দান্ত পারফরম্যান্স তাদের ব্যর্থ করে তোলে।

বায়ার্নের একাধিক আক্রমণ ঠেকিয়ে ট্রুবিন ম্যাচসেরা খেলোয়াড় নির্বাচিত হন। গরম ও আর্দ্র আবহাওয়া এবং ম্যাচের পিচের অবস্থা বায়ার্নের খেলায় প্রভাব ফেলেছে বলে মনে করেন অনেকে। এই হারের মধ্য দিয়ে ক্লাব বিশ্বকাপে গ্রুপ পর্বে প্রথমবারের মতো পরাজয়ের স্বাদ পেল বায়ার্ন মিউনিখ।

এই জয়ের ফলে বেনফিকা ৭ পয়েন্ট নিয়ে গ্রুপের শীর্ষে উঠে চেলসির বিপক্ষে শেষ ষোলোতে খেলবে আগামী ২৮ জুন (বাংলাদেশ সময় রাত ২টা)। অন্যদিকে, বায়ার্ন ৬ পয়েন্ট নিয়ে দ্বিতীয় স্থান অর্জন করে ৩ জুলাই ফ্লামেঙ্গোর বিপক্ষে মাঠে নামবে।

বায়ার্নের কোচ ভিনসেন্ট কোম্পানি গুরুত্বপূর্ণ ম্যাচে দল রোটেট করায় কিছু সমালোচনা উঠেছে, বিশেষ করে এমন হারের প্রেক্ষাপটে।

শেষ ষোলো সামনে রেখে বেনফিকা এখন আত্মবিশ্বাসে টইটম্বুর, অন্যদিকে বায়ার্নকে দ্রুত ঘুরে দাঁড়াতে হবে শিরোপার দৌড়ে টিকে থাকতে।